

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
সমাজকল্যাণ মন্ত্রণালয়
এ/২, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬
ফ্যাক্সঃ ৮০৩৫০৫৩, ই-মেইলঃ jpu38@yahoo.com

নং-৪১.০২.০০০০.০১০.০৩.৪৮০.২০১৪.-৮০২

০২ শ্রাবণ ১৪২৬
১৭ জুলাই ২০১৯

বিষয়ঃ কারণ দর্শানোর নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব মোঃ আব্দুল কাদের, কনসালট্যান্ট (ফিজিওথেরাপি), প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, মোড়েলগঞ্জ কর্মরত আছেন। অদ্য ১৭-৭-২০১৯ তারিখ সকাল ১১.০০ টায় মনিটরিং কার্যক্রমের অংশ হিসেবে নিম্নস্বাক্ষরকারী আপনার কেন্দ্রের কর্মকর্তার সাথে ফোনালাপের মাধ্যমে নিশ্চিত হন যে, আপনি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। আপনার এহেন কার্যকলাপ গণকর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ, ১৯৮২ এর পরিপন্থী এবং শাস্তিযোগ্য অপরাধ।

০২। এমতাবস্থায়, বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির কারণে কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রেরণ করার জন্য বলা হলো।

বিষয়টি অতীব জরুরী।

(শেখ হামিম হাসান)
(যুগ্মসচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ)

☎ ৮০৩৫০৪৬

জনাব মোঃ আব্দুল কাদের
কনসালট্যান্ট (ফিজিওথেরাপি)
প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র
মোড়েলগঞ্জ।

অনুলিপিঃ অবগতির জন্য

১. প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, মোড়েলগঞ্জ।
২. প্রোগ্রামার, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর-১৪, ঢাকা (ফাউন্ডেশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর-১৪, ঢাকা।